এফডিসি ॥ ১৯শ' ছায়াছবি নিয়ে চালু হল ওয়েব সাইট

www.fdcbd.com.নামে ইন্টারনেটে এফডিসি একটি ওয়েবসাইট চালু করা হয়েছে। এক হাজার নয়শ' বাংলা ছায়াছবির তালিকা, বিষয়বস্তু, প্রযোজক, পরিচালক, কুশীলবদের নাম ছাড়াও বাংলাদেশের সকল নায়ক-নায়িকা-শিল্পী কলাকুশলীদের আলোকচিত্র ঠাঁই পেয়েছে এই ওয়েব সাইটে। চলচ্চিত্র নির্মাণে এফডিসির সুযোগ-সুবিধা মুক্তিযুদ্ধে চলচ্চিত্রের অবদান প্রভৃতি যাবতীয় তথ্য-উপাত্ত ওয়েবসাইটে দিয়ে বহির্বিশ্বকে বলা হয়েছেঃ যেকোন সহযোগিতার জন্য এফডিসি প্রস্তুত। চলচ্চিত্র নির্মাতাগণ এই ওয়েবসাইট থেকে এখন ডিসিতে বিদ্যমান চলচ্চিত্র নির্মাণের সকল ধরনের কারিগরি ও অন্যান্য পরিসেবা সম্পর্কে অবহিত হতে পারবেন। এছাড়াও চলচ্চিত্র নির্মাণে এফডিসির সহায়তা প্রদানের প্রক্রিয়া সম্পর্কেও ওয়েবসাইট থেকে বিস্তারিত তথ্য পাওয়া যাবে। গত ২০শে মে এফডিসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মুসার অফিস কক্ষে এই ওয়েবসাইট উদ্বোধন করেন তথ্যপ্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ। তথ্যপ্রতিমন্ত্রী বলেন, এফডিসির ওয়েবসাইট স্থাপন একটি ঐতিহাসিক ঘটনা। এর মাধ্যমে দেশ বিদেশে বাংলাদেশের সংস্কৃতি ও চলচ্চিত্রকে গুরুত্বের সাথে তুলে ধরা সম্ভব হবে। মোহাম্মদ মুসা বলেন, এই প্রক্রিয়ার মাধ্যমে বাংলাদেশের চলচ্চিত্র আন্তর্জাতিক বিশ্বে প্রবেশ করলেন। তিনি জানান, এই ওয়েবসাইট চালু করতে সর্বসাকুল্যে ১৫ হাজার টাকা খরচ হয়েছে। জানা যায়, এফডিসিতে কিছুদিন পূর্বে কম্পিউটার বসান হয়েছে। ইতিপূর্বে এফডিসিতে কোন কম্পিউটার ছিল না। সব কাজ চলতে পুরনো পদ্ধতিতে। এমডি মুসা জানান, এফডিসিকে আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হচ্ছে। নির্মাতাদের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হবে। ❑ আ, আ

ইনডোর-আউটডোর

বিশিষ্ট কণ্ঠশিল্পী সাবিনা ইয়াসমিনের সহযোগী শিল্পী ও সচিব জাহাঙ্গীর লিখিত এক বিবৃতিতে জানান যে, সাবিনা ইয়াসমিন দেশ ছেড়ে স্থায়ীভাবে কলকাতায় চলে গেছেন ও দেশে আর ফিরে আসবেন না, এ খবর সত্য নয়। রেনেসাঁ সাংস্কৃতিক পরিষদ তাকে 'মাইকেল মধুসূদন পুরস্কার ২০০০'-এ ভূষিত করেছে। আগামী ৩০শে মে তিনি দেশে ফিরে আসবেন এবং ৭ই জুন হোটেল শেরাটনের উইন্টার গার্ডেন মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে এ পুরস্কার গ্রহণ করবেন ও একক সঙ্গীতানুষ্ঠানে অংশ নিবেন। অনুষ্ঠানে অতিথি শিল্পী হিসেবে উপস্থিত থাকবেন কুমার বিশ্বজিৎ।

'নারীরাও প্রতিবাদী' এবং 'বাবা'

এফ,এ রহিম পরিচালিত প্রথম ছবি নারীরাও প্রতিবাদীর স্যুটিং ও ডাবিং শেষ। গত সপ্তাহে এফডিসিতে একনাগাড়ে ছবির ডাবিং করা হয়েছে। এখন সাইণ্ড ট্রান্সফার করে শব্দ সমন্বয়ের কাজ শুরু হবে। ছবির প্রযোজক ওস্তাদ জাহাঙ্গীর আলম জানান, জুন মাসের মধ্যেই ছবির আবহসঙ্গীত ও রিরেকর্ডিং শেষ করে সেন্সরে জমা দেয়া হবে। গত সপ্তাহে একদিন ডাবিং-এ বেশ কয়েকজন সাংবাদিক উপস্থিত ছিলেন। তাদেরকে ছবির ৪টি গান দেখানো হয়। দুটিতে অংশ নিয়েছেন সোহেল রানা– নবাগতা মণি, জাহাঙ্গীর আলম– পপি, বাকী দুটিতে অংশ নিয়েছেন পলি, ফয়সাল ও শিমু। ৪টি গানেরই সুর, গায়কী ও চিত্রায়ন সুন্দর। শিল্পীদের পারফরমেন্সও ভাল। তার মধ্যে প্রথম দুটি গানের সুর ও চিত্রায়ন দর্শকের চোখে লাগার মত। প্রযোজক জানান, নারীরাও প্রতিবাদী মার্শাল আর্টনির্ভর সামাজিক ছবি। ছবির অন্য শিল্পীরা হলেন, আলেকজান্ডার, আখতার, হারুন কিসিঞ্জার, শাম্মী, নদী ও মিজু আহমেদ। পরিচালক এম, এ, রহিমের দ্বিতীয় ছবি বাবা'র স্যুটিং শুরু হয় ভালুকাস্থ তেপান্তর স্যুটিং স্পটে। গত মাসে ছবির স্যুটিং শুরু হয়। ছবির স্যুটিং শেষ করে ক্যামেরা ক্লোজ করে ইউনিট নিয়ে পরিচালক ঢাকায় ফিরেছেন। এ্যাকশননির্ভর এ ছবির বিভিন্ন চরিত্রে অভিনয় করছেন পপি, শাকিব, ময়ূরী, আলেকজান্ডার, পলি, মেহেদী, কল্পনা, লিটন, মিশা সওদাগর ও মিজু আহমেদ।

১লা জুন 'আতংকবাজ'

এফ রহমান যথারাজ পরিচালিত ছবি আতংকবাজ আগামী ১লা জুন মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে। সামাজিক-এ্যাকসন ছবি আতংকবাজে অভিনয় করেছেণ ময়ূরী, আলেকজান্ডার, লোপা, আসিফ ইকবাল, অমল বোস, নাসির খান ও রাজীব।

১৫ই জুন 'কাটা লাশ'

বাদশা ভাই পরিচালিত এ্যাকশন ছবি কাটা লাশ আগামী ১৫ই জুন মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে। ইতিমধ্যে ছবি মুক্তির সকল প্রস্তুতি সম্পন্ন। ছবির শিল্পীরা হলেন শাহনাজ, রুবেল, ময়ূরী, শাহীন আলম, শারমিন, প্রবীর, নওশাদ, সিরাজ সরকার, নাসির খান, মিজু আহমেদ ও ডিপজল।

মুক্তির মিছিলে 'বিপ্লবী জনতা'

হাফিজউদ্দিন পরিচালিত বিপ্লবী জনতা ছবির সেন্সরের ছাড়পত্র লাভ। ছবিটি বর্তমানে মুক্তির মিছিলে রয়েছে। পরিচালক জানান, ছবিটি জুন মাসে মুক্তি পেতে পারে। বিপ্লবী জনতা বক্তব্যসমৃদ্ধ ও সুর্নিমিত একটি সামাজিক ছবি। এ ছবির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন চম্পা, সোহেল রানা, পূর্ণিমা, ফেরদৌস, ফরিদী ও রাজীব।

এফআই মানিকের 'স্বপ্নের বাসর' ও 'সুলতান'

এফ আই মানিক পরিচালিত দুটি ছবির কাজ চলছে। তার মধ্যে স্বপ্নের বাসর ছবি অনেকাংশ স্যুটিং হয়ে গেছে। বাকী অংশের কাজও খুব শীঘ্রই শেষ হয়ে যাবে। অভিনয় করছেন শাবনূর, রিয়াজ, শাহনূর, শাকিল, রাশেদা, নাসির খানম, ডন ও রাজীব। পরিচালকের অপর চবি সুলতানের স্যুটিং শেষ পর্যায়ে রয়েছে। গত সপ্তাহে এফডিসিতে ছবির কিছু স্যুটিং হলো। ছবির নামভূমিকায় অভিনয় করছেন মান্না, কলকাতার অর্পিতা পাল, শাহিন আলম, ময়ূরী, দীপুল ও রাজীব। ❑ রফিকুজ্জামান

নভেম্বরে লন্ডনে বাংলাদেশের ছবির উৎসব

আগামী নভেম্বর মাসে লন্ডনে ৪ দিনব্যাপী বাংলাদেশের ছবির উৎসব আয়োজনের প্রস্তুতি চলছে। যুক্তরাজ্যে বিপুলসংখ্যক বাঙালী বসবাস করেন। প্রবাসী বাঙালীদের মধ্যে বাংলা ছবির বেশ চাহিদা রয়েছে। পশ্চিম বঙ্গ থেকে কিছু বাংলা ছবি যুক্তরাজ্যে বাঙালী বসবাসকারী বিভিন্ন এলাকায় প্রদর্শিত হয়। এছাড়া ভারতীয় হাইকমিশনের মাধ্যমেও ছবি দেখানো হয়। অন্যদিকে বাংলাদেশের ছবি কেউ কেউ মাঝে-মধ্যে লন্ডনে নিয়ে প্রদর্শনের ব্যবস্থা করেন। তবে তাদের প্রধান ভরসা ক্যাসেট। যুক্তরাজ্যে প্রবাসী বাঙালীদের মধ্যে বাংলাদেশের ছবির চাহিদা ও বাজার বৃদ্ধির লক্ষ্যে এ উৎসবের আয়োজন করা হবে। গত সপ্তাহে এফডিসিতে এ উপলক্ষে আয়োজিত এক বৈঠকে উৎসবকে সফল করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উৎসবে যোগ দেওয়ার জন্য বাংলাদেশ থেকে শিল্পী ও কুশলীদের ৪০ জনের একটি প্রতিনিধি দল পাঠানোর ব্যাপারেও আলোচনা করা হয়। কমিটির এক সদস্য জানান আগামী বৈঠকগুলোতে ছবি নির্বাচন ও অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। ❑ নিজস্ব প্রতিনিধি

ড. রাজীব হুমায়ুন ও শাহীন সামাদ অভিনয়ে আসছেন

বিশিষ্ট নজরুল গবেষক ড. রাজীব হুমায়ুন ও প্রখ্যাত কণ্ঠশিল্পী শাহীন সামাদ এক সাথে জুটিবদ্ধ হয়ে অভিনয়ে আসছেন। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্ম জয়ন্তীতে চ্যানেল আই নির্মিত কবি কাজী নজরুল ইসলামের লেখা 'বনের পাপিয়া' নাটকে তারা অভিনয় করছেন বলে জানা গেছে। এ নাটকে মিঃ মিত্র চরিত্রটিতে অভিনয় করবেন ড. রাজীব হুমায়ুন ও রমলা চরিত্রে থাকছেন শাহীন সামাদ। বিদ্রোহী কবির জন্ম দিন ১১ জ্যৈষ্ঠ ২৫ মে এ নাটকটি চ্যানেল আইতে প্রচার হবে। ❑ প্রেস বিজ্ঞপ্তি

শিল্পী-কুশলী ও শিল্পের কোন সীমানা নেই --তথ্য প্রতিমন্ত্রী

গত ২০শে মে এফডিসি'র জহির রায়হান কালার ল্যাব মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ৯ জন অসুস্থ চলচ্চিত্র শিল্পী ও কুশলীকে ১ লক্ষ ৭০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়। চলচ্চিত্র শিল্পী-কুশলী কল্যাণ তহবিল ও ভারতের সুনীল দত্ত পরিচালিত 'দর্দ কা রিস্তা' ছবির আয় থেকে এ সহায়তা প্রদান করা হয়। চলচ্চিত্র শিল্পী সমিতির আয়োজিত এ অনুষ্ঠানের প্রধান অতিথি তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ অসুস্থ শিল্পী-কুশলীদের হাতে এ চেক তুলে দেন। এ উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে প্রধান অতিথি বলেন, শিল্পী-কুশলী ও শিল্পের কোন সীমানা নেই। একজন শিল্পী ও শিল্প সৃষ্টির সাথে নিয়োজিত ব্যক্তির মৃত্যু নেই। তিনি চিরঞ্জীব। তার সৃষ্টির মধ্যেই তিনি অনাদিকাল পর্যন্ত বেঁচে থাকেন। কিন্তু আজকাল বাংলাদেশের ছবির জগতে কি হচ্ছে তা পর্যালোচনার দাবী রাখে। তবে যা কিছু হচ্ছে সবই মন্দ কিংবা খারাপ তা নয়। নেতিবাচক চিন্তা-ভাবনা কিংবা আলোচনা না করে ভাল দিকগুলো নিয়ে বসলেও আজাকাল খুব ভাল কিছু একটা পাওয়া খুব দুষ্কর। প্রায়ই শোনা যায়, দেশীয় ছবি মন্দা, কেউ ছবি দেখেন না। আকাশ সংস্কৃতির আগ্রাসন, অশ্লীলতা ও সিনেমা হলের পরিবেশ খারাপ ইত্যাদি। কিন্তু ভাল-মন্দ বিচারের ক্ষমতা প্রতিটি মানুষেরই রয়েছে। যিনি ঘরে বসে স্যাটেলাইটের সুন্দর ও ভাল অনুষ্ঠানগুলো দেখেন, তিনি নিশ্চয়ই ছবিঘরে গিয়েও তেমন রুচির ছবিই দেখতে চাইবেন। সুন্দর, শোভন ও বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কোন পরিবেশনাই অশ্লীল নয়। আর সিনেমা হলের বর্তমান পরিবেশ মনে হয় এখনও দর্শকবিমুখ করার মত হয়নি। কারণ দেখার মত ছবি হলে এখনও দর্শক সিনেমা হলে যায়। প্রশ্ন হলো, তেমন ছবি এখন বছরে কয়টা তৈরি হয়। যে দেশে একবিংশ শতাব্দীতে এসে ছবির নামকরণ করা হয় 'খাইছি তোরে', 'খবর আছে' ইত্যাদি। সে সব ছবি সম্পর্কে আলোচনার আর কি বাকী থাকে। তিনি বলেন, এ ধরনের নামকরণই বিকৃতি মানসিকতার পরিচয় বহন করে। তিনি ছবির মাধ্যমে ঐতিহ্য, সৃষ্টি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে তুলে ধরে মানবিক মূল্যবোধের প্রতিষ্ঠার আহ্বান জানান। তাহলেই ছবির দর্শক ও বাজার দুইই বৃদ্ধি পাবে। আর এসব সৃষ্টির মধ্য দিয়েই শিল্পী ও কুশলীরা বেঁচে থাকবেন। চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতি মাহমুদ কলির সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সাংবাদিক মাহবুব আনাম, তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোস্তাক আহমেদ ও এফডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ মুসা। অনুষ্ঠান পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক মিজু আহমেদ। আর্থিক সহায়তা প্রাপ্তদের মধ্যে রয়েছেন প্রবীণ শিল্পী বিলকিম বারী (২০ হাজার), পরিচালক আবিদ হাসন বাদল (২০ হাজার), লাইটম্যান ফরিদ হোসেন (১০ হাজার), প্রবীণ অভিনেতা মেহফুজ (১৫ হাজার), রূপসজ্জাকর শহীদ আলী (১০ হাজার), সহকারী ব্যবস্থাপক সালাম মিয়া (১০ হাজার), জুনিয়র লাইটম্যান মোঃ হানিফ (২৫ হাজার), অভিনেতা মোঃ জামাল (১০ হাজার) এবং অভিনেত্রী মায়া ঘোষ (৫০ হাজার, দর্দ কা রিস্তা ছবির আয় থেকে)। এছাড়া প্রবীণ অভিনেতা মঞ্জুর হোসেন ১০ হাজার টাকার প্রতিরক্ষা সঞ্চয়পত্র মরহুম খান জয়নুলের স্ত্রী-সন্তানদের প্রদান করেন। তিনি বলেন, খান জয়নুলের 'ঘর মন জানাজা' নাটকটি ভিডিওতে তৈরী করে তথ্য প্রতিমন্ত্রীর সহযোগিতায় টিভিতে প্রদর্শনের মাধ্যমে এ অর্থ অর্জিত হয়। তিনি তথ্য প্রতিমন্ত্রী ও সমিতিকে এজন্য ধন্যবাদ জানান। এছাড়া অনুষ্ঠানে প্রতিটি নতুন ছবি মুক্তির সময় পূর্বের ন্যায় এ কল্যাণ তহবিলের জন্য ৫ হাজার টাকা করে ডোনেশন রেখে দেয়ার দাবী জানানো হয়। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এফডিসি'র ব্যবস্থাপনা পরিচালক, তথ্য মন্ত্রণালয় ও তথ্য প্রতিমন্ত্রীকে অনুরোধ জানানো হয়। ❑ নিজস্ব প্রতিনিধি